

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-৪ (সমন্বয়)

www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৫.৪১.০৬৭.১৬-৪২২

তারিখ : ২৫ শ্রাবন, ১৪২৩
১০ আগস্ট, ২০১৬

বিষয় : আগামী ৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়ধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জংগিবাদ ও সন্ত্রাসবিরোধী সভা আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়ধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জংগিবাদ ও সন্ত্রাসবিরোধী সভার আয়োজন করতে হবে। প্রতিষ্ঠান প্রধানগণ এ কার্যক্রম বাস্তবায়নে সার্বিক উদ্যোগ গ্রহণ করবেন।

০২. উক্ত আয়োজিতব্য সভায় জংগিবাদ ও সন্ত্রাসবিরোধী সচেতনতা সৃষ্টি ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করতে হবে। একই সাথে নিয়মিতভাবে সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়ানুষ্ঠান আয়োজন, স্কাউটিং ও গার্ল গাইডস কার্যক্রম বৃদ্ধি করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষাবান্ধব পরিবেশ তৈরীর বিষয়েও আলোচনায় আলোকপাত করতে হবে।

০৩. আয়োজিতব্য এ সভায় সকল শিক্ষক, অভিভাবক, সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি, Community Leader, ইমাম, শিক্ষার্থী এবং গণমাধ্যম প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

০৪. জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে এবং ইউ. জি. সি. কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়সমূহে এ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন।

০৫. এমতাবস্থায়, আগামী ০৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়ধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জংগিবাদ ও সন্ত্রাসবিরোধী সভার আয়োজন নিশ্চিতকরণের জন্য তাঁর অধিক্ষেত্রাধীন প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত-

(মো: আখতারউজ-জামান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৭০৯৭



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-ক/অ/৭০৭

তারিখ : ২৫/৮/১৬

উপর্যুক্ত নির্দেশনাটি সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করার জন্য এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাক্ষর

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

এ বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

স্মারকনং-ক/অ/

তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল (জেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক/ বিদ্যালয় পরিদর্শক/ উপ পরিচালক (হিওনি)/ প্রধান মূল্যায়ন অফিসার/ সিনিয়র সিস্টেম এনালিস্ট।
- ৫। জেলা প্রশাসক, যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৮। পি,এস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সংরক্ষণ নথি।

স্বাক্ষর
২৫/৮/১৬
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।

২৫/৮/১৬